

## ভিশন ও মিশন

বর্তমান সরকার রূপকল্প 2021 এর যথাযথ বাস্তবায়নে দৃঢ় প্রতিজ্ঞ ও সুশাসন সংহত করণে সচেষ্টিত এবং দেশের আর্থসামাজিক উন্নয়নে বন্ধপরিকর। সরকারের সেই উদ্দেশ্য বাস্তবায়নে উপজেলা সমবায় কার্যালয়, সোনাতলা, বগুড়া দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থা গড়ে তুলেছে। সরকারের রূপকল্প 2021 এবং এসডিজি অর্জন এবং 7ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে উপজেলা সমবায় কার্যালয়, সোনাতলা, বগুড়া, দক্ষতার সাথে গতিশীলভাবে কাজ করে যাচ্ছে। রূপকল্পের রূপরেখা হিসাবে উপজেলা সমবায় কার্যালয়, সোনাতলা, বগুড়া অত্র জেলা সমবায় অফিসার, বগুড়া মহোদয়ের সঙ্গে বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি স্বাক্ষর করেছে। আগামী অভিলক্ষ্য হিসাবে উপজেলা সমবায় কার্যালয়, সোনাতলা, বগুড়া এর নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহন করেছে। যথাঃ

- 01 টি উৎপাদনমুখী সমবায় সংগঠন করা হবে;
- 100 জনকে চাহিদাভিত্তিক ব্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে;
- বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক 90 টি সমবায়ের নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত করা হবে;
- সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হবে।
- সরকারের রাজস্ব আয় হিসাবে সমবায় সমিতিগুলো হতে নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হবে।
- 05 জন সমবায়ীর সরাসরি ও 70 জন সমবায়ীর আশ্রয়-কর্মসংস্থান সৃষ্টি করা হবে।
- মার্চ পর্যায়ের কার্যালয় সমূহ হতে সরাসরি নাগরিকদের সেবা প্রদান করা হবে।